

“বাঁচাও নদী, বাঁচাও মানুষ, বাঁচাও দেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় নদী রক্ষা কমিশন
হোসাইন টাওয়ার (১২ তলা)
বীরপ্রতীক গাজী গোলাম দস্তগীর রোড
১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০
www.nrccb.gov.bd

নং ১৮.২০.০০০০.০১৮.৯৯.০১৪.১৯-৫২৩

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৬
২৪ জুলাই ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয়: জেলাওয়ারী নদ-নদীর অবৈধ দখলদারদের তালিকা প্রকাশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের ১৩৯৮৯/২০১৬নং রীট পিটিশনের আদেশ সুষ্ঠু বাস্তবায়নে জাতীয় নদী রক্ষা কমিশনের ১৯তম ও ২০তম সভার সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী জেলা প্রশাসক ও আহ্বায়ক, জেলা নদী রক্ষা কমিটির নিকট হতে প্রাপ্ত সংশ্লিষ্ট জেলার নদ-নদীর অবৈধ দখলদারের তালিকা নির্দেশক্রমে কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

২। তালিকা সংশ্লিষ্ট আইনগত কর্তৃপক্ষ কালেক্টর এবং জেলা প্রশাসক ও আহ্বায়ক, জেলা নদী রক্ষা কমিটি কর্তৃক প্রস্তুত করা হয়েছে। তালিকা প্রকাশ চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে বিবেচিত। কোন অসংগতি কারো নিকট পরিলক্ষিত হলে এ কমিশনকে অবহিত করলে যথোপযুক্ত ব্যবস্থা গৃহীত হবে।

৩। উল্লেখ্য যে এ পর্যন্ত ৫২(বায়ান্ন)টি জেলা হতে তালিকা পাওয়া গেছে। ৫২টি জেলার অবৈধ দখলদারের সংখ্যাভিত্তিক তালিকা প্রকাশিত হ'ল, যার মোট সংখ্যা ৪২,৪২৩ (বিয়াল্লিশ হাজার চারশত তেইশ)।

৪। জনস্বার্থে এ তালিকা প্রকাশ করা হলো।



মোঃ আমিনুল ইসলাম

সচিব (যুগ্ম সচিব)

দূরালোপনী: ৫৮৩১৪১০৯

ফ্যাক্স: ০২-৫৮৩১৫৫৮৯

ইমেইল: aminul1962@gmail.com

